উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ
দীঘিনালা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
dighinala.khagrachhari.gov.bd

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০.২৩- ৮০

তারিখ ঃ ১৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

-ঃ নোটিশ ঃ-

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা এর স্মারক নং : ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫-৭৩২, তারিখ : ০৮/০৮/২০১৬ খ্রিঃ পত্র মূলে উপজেলা পরিষদের **সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ** মাসের মাসিক সাধারণ সভা আগামী **২১-০৯-২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার** বেলা **১১ : ০০** ঘটিকায় জনাব মো ঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি তাঁরই সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো এবং সভায় যোগদানের সময় স্ব-স্ব বিভাগের **আগস্ট/২০২৩খ্রিঃ** মাসের কার্যপত্র সভা আরম্ভের পূর্বে ই-মেইল যোগে (uzpdighinala@gmail.com) অথবা সরাসরি পরিষদ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যথাযথ কারণ ছাড়া উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অফিস প্রধান ব্যতীত প্রতিনিধি প্রেরণ না করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচি ঃ

০১। গত সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।
০২। স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৩। ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি প্রকল্প গ্রহণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
০৪। ইউজিডিপি ৬ষ্ঠ পর্যায়ে কার্যক্রম বিষয়ে আলোচনা।
০৫। উপজেলা পরিষদ হস্তান্তরিত দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৬। বিবিধ।

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা
E-mail: uzpdighinala@gmail.com

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৫। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৬। উপজেলা -------------------------------------------------------------------------------কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৭। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, মেরুং/বোয়ালখালী/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া দীঘিনালা, খাগড়াছড়ি।
০৮। মিজ.................................................... উঃ সংরক্ষিত ও ইউপি সদস্যা, মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি।
০৯। অফিস কপি।

উপজেলা পরিষদ

দীঘিনালা

খাগড়াছড়ি পার্বত্য জেলা

Website: dighinala.khagrachhari.gov.bd

(সভা নং-৫৬)

উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ কাশেম
চেয়ারম্যান, দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ২১-০৯-২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১১ : ০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সেমিনার কক্ষ।

*সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য*

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। পরে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী। | গত সভায় অনুষ্ঠিত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২৫ ভোটে অনুমোদিত। | উপজেলা কমিটি সংশ্লিষ্ট সকল। |
| ০২ | উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | বিবেচ্য মাসে উপজেলা পরিষদ কমিটির কোন সুপারিশ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটির সভা নিয়মিত করার জন্য উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | ১। ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দীঘিনালা। |
| ০৩ | ইউপি চেয়ারম্যানগণের প্রস্তাব, সুপারিশ ও কার্যক্রম বিষয়ে আলোচনা। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের থেকে কোন প্রস্তাব, সুপারিশ না থাকায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা গেলা না। | উপজেলায় সংশ্লিষ্ট ইউনিয়নের সকল প্রস্তাব, সুপারিশ ও কার্যক্রম তাদের প্রতি মাসে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। রোধ করা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়রম্যান (সকল) দীঘিনালা। |
| ০৪ | ইউজিডিপি প্রকল্পের কার্যক্রম বিষয়ে পর্যালোচনা। | উপজেলায় কর্মরত ইউডিএফ সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প কার্যালয় হতে স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২৩-৫২২, তারিখ ঃ ১০-০৯-২০২৩খ্রিঃ মূলে পত্র পাওয়া যায়। বর্ণিত পত্রে ইতোপূর্বে উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমহূ চূড়ান্ত অনুমোদন পাওয়া যায়। অনুমোদিত প্রকল্পসমূহ নির্দেশনা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প কাজ বাস্তবায়নের জন্য তিনি সভাপতির মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | ইউজিডিপি প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ে অনুমোদিত প্রকল্পসমূহের কাজ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |

উপজেলা পরিষদ হস্তান্তরিত সরকারি দপ্তর দফতরসমূহের কার্যক্রম বিষয়ে আলোচনা ও পর্যালোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ ঃ

| নং | সরকারি দপ্তরের নাম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উপজেলা স্বাস্থ্য ও পঃ দপ্তর ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা তাঁর দপ্তরের আগস্ট/২০২৩ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>(১) সাধারণ চিকিৎসা কার্যক্রমের আওতায়- আন্তঃবিভাগে ৩২০ জন, বর্হিবিভাগে ৩৫৪০ জন, জরুরী বিভাগে ৫৬১ জন এবং কমিউনিটি ক্লিনিকে ৫০৭৭ জনকে সেবা প্রদান করা হয়েছে। (২) প্রসূতি সেবা কার্যক্রমের আওতায়- এএনসি ১০৬২ জন, পিএনসি ২৭০ জন এবং ডেলিভারী ২৭০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। (৩) ম্যালেরিয়া ও ডেঙ্গু রোগী সেবা কার্যক্রমের আওতায়- পরীক্ষিত রক্তকাঁচ ও আরডিটি ১৭৩২ জনকে ম্যালেরিয়া পরীক্ষা করা হয় এর মধ্যে ১৪ ম্যালেরিয়া এবং ২ জনকে ডেঙ্গু পজিটিভ রোগী পাওয়া যায়। এছাড়াও উপজেলা কোভিড সংক্রান্ত তথ্যের বিষয়ে নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়। | উপজেলায় ডেঙ্গু এবং ম্যালেরিয়া প্রতিরোধ সরকার এবং স্বাস্থ্য বিভাগের পক্ষে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। সরকারের পাশাপাশি জনগণকেও সচেতন হতে হবে। তাই সরকারি নির্দেশনা অনুসরণ করে দীঘিনালায় সকল | ১। উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল, দীঘিনালা।<br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |

<table>
<tr>
<td>০১</td>
<td>
<table>
<tr><th colspan="3">১ম ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th><th colspan="3">২য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th><th colspan="3">৩য় ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th><th colspan="3">৪র্থ ডোজ ভ্যাকসিন গ্রহণকারী</th></tr>
<tr><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th><th>পুরুষ</th><th>মহিলা</th><th>মোট</th></tr>
<tr><td>১২</td><td>১৭</td><td>২৯</td><td>৩১</td><td>২২</td><td>৫৩</td><td>৩৭</td><td>২১</td><td>৫৮</td><td>৩৫৬</td><td>৩৭৮</td><td>৭৩৪</td></tr>
</table>
তিনি আরো বলেন, এ বছর দেশে জেলা এবং উপজেলা পর্যায়ে ডেঙ্গু প্রকোব অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এখন ডেঙ্গু পরীক্ষা করেও নেগেটিভ রিপোর্ট দেখাচ্ছে। অনেক সময় রৌগীরা প্রাথমিকভাবে প্যারাসিটামল খেয়ে জ্বর নিয়ন্ত্রণ চেষ্ঠা করার ফলে পরবর্তী ডেঙ্গু পরীক্ষায় নেগিটিভ রিপোর্ট আসার কারণ হিসেবে দেখা হচ্ছে। তাই জ্বর হওয়ার সাথে সাথে রোগীগুলোকে বাধ্যতামূলক ডেঙ্গু এবং ম্যালেরিয়া পরীক্ষা করার পরামর্শ দেয়া হচ্ছে। এছাড়াও সকলকে সচেতন হয়ে ডেঙ্গু এবং ম্যালেরিয়া প্রতিরোধের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে কার্যক্রম অব্যাহত রাখার জন্য তিনি সভায় উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>
উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, উপজেলায় ডেঙ্গু প্রতিরোধের লক্ষ্যে বোয়ালখালী বাজার, থানা বাজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ উপজেলা পরিষদের চারপাশে ফগার মেশিন দিয়ে সপ্তাহে দুই দিন নিয়মিতভাবে এরোসল স্প্রে কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে সভাকে দৃষ্টি আকর্ষণ করেন। তাই উপজেলা পরিষদের ন্যায় দীঘিনালায় সকল ইউনিয়নে এ বিষয়ে কার্যকরী ভূমিকা রাখার জন্য অনুরোধ করেন।
</td>
<td>উপজেলায় সকল ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০২</td>
<td>উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরে খরিফ/২০২৩-২৪ মৌসুমে আনারস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচী'র আওতায় ৫ (পাঁচ) জনের প্রণোদনা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং উপজেলা বিভিন্ন ব্লকে কৃষকদের আনারসের চারা বিতরণ করা হয়েছে ও আবাদ সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-১/২০২৩-২৪ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী'র আওতায় ১৫০০ (এক হাজার পাঁচশত) জনের প্রণোদনা বরাদ্দ পাওয়া গিয়াছে, কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে ও আবাদ সম্পন্ন হয়েছে। বর্তমানে কর্তন অগ্রগতি চলমান। ফলন আশানুরুপ। ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১/২০২৩-২৪ মৌসুমে ৬৫০ হেঃ উফশী আউশ ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে এবং আবাদ সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১/২০২৩-২৪ মৌসুমে ৭০০ হেঃ গ্রীষ্মকালীন সবজি আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে এবং আবাদ আবাদ সম্পন্ন হয়েছে। বর্তমানে কর্তন অগ্রগতি চলমান। ফলন আশানুরুপ। রাজস্ব খাতের আওতায় ২০ টি আউশ ধানের প্রদর্শনী উপজেলার বিভিন্ন ব্লকে বাস্তবায়ন করা হয়েছে ও বর্তমানে কর্তন অগ্রগতি চলমান । ফলন আশানুরুপ। ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে ৪৭৬০ হেঃ উফশী আমন ধান আবাদ সম্পন্ন হয়েছে বর্তমান অবস্থা ভাল। ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী'র আওতায় ৬৫০ (ছয়শত পঞ্চাশ ) জনের প্রণোদনা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং উপজেলা ৫ টি ইউনিয়নে বিভাজন করা হয়েছে ও আবাদ সম্পন্ন হয়েছে বর্তমান অবস্থা ভাল। ২০২২-২৩ অর্থ বছরে "খাদ্য ও পুষ্টি নিরাপদ জোরদারকরণ" আওতায় ৩টি প্রদর্শনী বরাদ্দ পাওয়া গিয়াছে ও উপজেলায় বিভিন্ন ব্লকে বাস্তবায়ন করা হয়েছে এবং প্রদর্শনী কার্যক্রম চলমান। ২০২২-২৩ অর্থ বছরে "রপ্তানীযোগ্য আম উৎপাদন প্রকল্প" আওতায় মোট ১৭ টি প্রদর্শনী বরাদ্দ পাওয়া গিয়াছে ও উপজেলায় বিভিন্ন ব্লকে বাস্তবায়ন করা হয়েছে এবং প্রদর্শনী কার্যক্রম চলমান। ২০২২-২৩ অর্থ বছরে অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এর আওতায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী উপজেলায় বিভিন্ন ব্লকে স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান। ২০২২-২৩ অর্থ বছরে লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় উপজেলা বিভিন্ন ব্লকে প্রদর্শনী স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রদর্শনীর কার্যক্রম চলমান। কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন সম্প্রসারণ প্রকল্প এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ৫৮ টি কাজুবাদাম ও ৬০টি কফির জাত প্রযুক্তি প্রদর্শনী এবং ও ৩ টি কাজুবাদাম ও ৫টি কফির বাণিজ্যিক প্রদর্শনী উপজেলার বিভিন্ন ব্লকে বিভাজন করা হয়েছে এবং প্রদর্শনীর কার্যক্রম চলমান। কাজুবাদাম ও কফি গবেষণা, উন্নয়ন সম্প্রসারণ প্রকল্প এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২০ টি কাজুবাদাম ও ৪০টি কফির জাত প্রযুক্তি প্রদর্শনী উপজেলার বিভিন্ন ব্লকে বিভাজন করা হয়েছে এবং প্রদর্শনীর কার্যক্রম চলমান। বর্তমানে উপজেলায় রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ রয়েছে এবংবিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান।<br><br>
এছাড়াও তিনি আরো বলেন, উপজেলায় তামাক চাষে নিরুৎসাহী করার লক্ষ্যে</td>
<td>১। উপজেলায় তামাক চাষে নিরুৎসাহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>
২। উপজেলায় তামাক চাষে নিরুৎসাহী করার লক্ষ্যে তামাকের বিকল্প বিশেষ প্রনোদনা কর্মসূচির সফলভাবে বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতার করার অনুরোধ করা হয়।</td>
<td>১। উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা।<br><br>
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), দীঘিনালা।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ২০২৩-২৪ অর্থ বছরে বিশেষ প্রনোদনা ব্যবস্থা রয়েছে। তাই তামাক চাষের পরিবর্তে যদি কোন কৃষক বিকল্প ফসল চাষ করতে আগ্রহী হয় তাকে উপজেলা কৃষি কার্যালয়ে যোগাযোগ করার জন্য সভায় উপস্থিত সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি উপজেলায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | | |
| ০৩ | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর** ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন।<br>(১) টিকা প্রদান ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)- ৫২০টি (খ) হাঁস/মুরগী ঃ হাঁস -মুরগী (সংখ্যা) ১৮,৬০০ টি ।<br>(২) চিকিৎসা ঃ (ক) গবাদি পশু (সংখ্যা)ঃ ১৩৩৪টি, (খ) হাঁস/মুরগী (সংখ্যা)-১০৪৫০টি।<br>(৩) গবাদিপশুর রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-নাই।<br>(৪) গবাদিপশু ও পাখির ডিজিস সার্ভিলেন্স সম্পাদন (সংখ্যা)ঃ ০২টি<br>(৫) ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন ঃ নাই<br>(৬) গবাদিপশু ও হাঁস-মুরগীর খামার স্থাপন বিষয়ে উঠান বৈঠক আয়োজন (সংখ্যা)ঃ ২টি।<br>(৭) খামারী পর্যায়ে স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)ঃ ০.৩০ একর।<br>(৮) খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন (সংখ্যা) ঃ ৭টি<br>(৯) গাভীর কৃত্রিম প্রজনন (সংখ্যা) ঃ ১০০টি<br>(১০) রাজস্ব আদায় হয়েছে ১২৯৭৫/-টাকা আদায় হয়েছে।<br>তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | **স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর** ঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রি: মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌথিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোপূর্বে কার্যাদেশ প্রদানকৃত পাবলিক টয়লেটের স্থান পরিবর্তন করা প্রয়োজন মর্মে সভায় জানান। পাবলিক টয়লেটের জন্য পূর্বে নির্ধারিত সাইট উপজেলা শিশুপার্কের নির্মাণ কাজ সমাপ্ত না হওয়ায় তাছাড়া ঐ স্থানে পাবলিক টয়লেট নির্মাণ করা হলে তার সঠিক কার্যকারিতা পাওয়া যাবে না। তাই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>এছাড়াও তাঁর দপ্তরে ২০২২-২৩ অর্থ বছরে উপজেলায় পিইডিপি-৪ এর আওতায় স্কুল নির্মাণ কাজ চলমান রয়েছে। ইউজিডিপি প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে অনুমোদিত প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের নিমিত্তে অন লাইনের মাধ্যমে টেন্ডার আহ্বান করা হয়েছে। বর্তমানে লাইভে রয়েছে মর্মে তিনি সভায় জানান। | নন মিউনিসিপ্যাল মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌথিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট নির্মাণের জন্য পূর্বে নির্ধারিত সাইট পরিবর্তন করে বোয়ালখালী থানা পাড়া শিব মন্দিরের পাশে পাবলিক টয়লেট নির্মাণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা। |
| ০৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রি: মাসের কার্যক্রম সম্পর্কে বলেন যে, উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ১৭,১৯৫ জন, চলতি মাসে নব দম্পতি সংখ্যা-২৬ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন)- ৪৩ জন, কনডম ব্যবহারকারী (নতুন)- ০২ জন, ইনজেকশন গ্রহণকারী (নতুন)-১৪ জন, আইইউডি গ্রহণকারী (নতুন)- ১৭ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন)- ৬১ জন, স্থায়ী পদ্ধতি (ক) পুরুষ- ০২ জন (খ) মহিলা- ০০ জন, গর্ভখালাস (স্বাভাবিক ০৭ জন, সিজারিয়ান-০০ জন এবং অন্যান্য-০০ জন)। গর্ভবর্তী পরিচর্যা করা হয়েছে- ২৬১ জন, প্রসব পরবর্তী পরিচর্ষা-২৭৫ জন, চলতি মাসে জীবিত জন্মের সংখ্যা-৫০ জন, উপজেলায় মৃতের সংখ্যা-০০ জন, সাধারণ রোগীর সেবা প্রদান- ১৮৯৬ জন, উপজেলায় সর্বমোট পঃপঃ গ্রহণকারী (নতুন+পুরাতন) সংখ্যা ১৩,৫৬৭ জন, কিশোর-কিশোরী সেবা (১০-১৯) বছর-৩১৪৪ জন, বয়:সন্ধিকালীন পরিবর্তণ বিষয়ে কাউন্সিলিং ৪১৪ জন, বাল্য বিয়ে এবং কিশোরী মৃত্যু বিষয়ে কাউন্সিলিং-৪১৪ জন, প্রজননতন্ত্রের সংক্রমন ও যৌন বাহিত রোগ বিষয়ে কাউন্সিলিং-৩৭৭ জন এবং এ কার্যালয়ে মোট সেবা গ্রহণকারীর হার ৭৮.৯০% মর্মে তিনি সভায় জানান।<br>তিনি আরো জানান, মেরুং ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রয়েছে। কিন্তু বাবুছড়া ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্রেটি কোন ঘেরা বা বাউন্ডারী না থাকায় রাত্রে প্রায় সবসময় গবাদি পশু অবাদে বিচরণের ফলে ময়লা আবর্জনা অবস্থা থাকায় চিকিৎসা সেবা প্রদানের কিছুটা বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাছাড়া জনবল না থাকায় উক্ত স্বাস্থ্যসেবা | বাবুছড়া ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্র পরিষ্কার পরিছন্ন পরিবেশে চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে সার্বিক সহযোগিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাবুছড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা। |

<table>
<tr><td></td><td>কেন্দ্রটি পরিষ্কার পরিছন্ন করে রাখা সম্ভব নয়। তাই স্থানীয় জনগণ বা ব্যক্তির উদ্যোগে স্বাস্থ্যসেবা কেন্দ্রটি পরিষ্কার পরিছন্ন করে রাখার বিষয়ে সার্বিক সহযোগিতা জন্য তিনি বাবুছড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা শিক্ষা দপ্তর ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, প্রাথমিক শিক্ষা পদক ২০২৩ উপলক্ষ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলার মধ্যে শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান এবং শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার নির্বাচিত হওয়ায় তিনি সভায় উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও মহোদয়কে আন্তরিক অভিনন্দন, শুভেচ্ছা, ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পাশাপাশি তাঁর দপ্তরে বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান।</td><td>উপজেলা শিক্ষা দপ্তরের মাসিক কার্যক্রমের প্রতিবেদন প্রতি মাসে ১-৫ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কার্যালয়ের প্রেরণের জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন, ৫০ তম ক্রীড়া প্রতিযোগিতা হ্যান্ডবল ইভেন্টে দীঘিনালা টিম খাগড়াছড়ি জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হয়ে বিভাগীয় পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করেছে। শুরু থেকে বিভাগীয় পর্যায় পর্যন্ত উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক সহযোগিতার কারণে এই অর্জন। তাই তিনি উপজেলা চেয়ারম্যান এবং ইউএনও মহোদয়কে সভায় আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরবর্তীতে এই ধরণের সার্বিক সহযোগিতা অব্যাহত রাখার জন্য সভায় সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাসিক কার্যক্রমের প্রতিবেদন প্রতি মাসে ১-৫ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কার্যালয়ের প্রেরণের জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা মৎস্য দপ্তর ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর দপ্তরের আগস্ট /২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় বলেন যে, মৎস্য অধিদপ্তরাধীন পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প, রাংগামাটি এর আওতায় পারিবারিক পর্যায়ে বিকল্প আয়বর্ধক মূলক কার্যক্রম সহায়তার প্রদানের নিমিত্তে নিবন্ধিত প্রকৃত কার্ডধারীর মৎস্যজীবি/ জেলেদের তালিকা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এই প্রেক্ষিতে নির্ধারিত ছকে উপজেলা মৎস্য অফিস থেকে ইউনিয়ন পরিষদের পত্র প্রেরণ করা হবে। তাই নির্ধারিত ছক অনুয়ায়ী প্রকৃত কার্ডধারীর মৎস্যজীবি/ জেলেদেরে তালিকা প্রেরণের জন্য সকলকে ইউপি চেয়ারম্যানগণকে দৃষ্টি আকর্ষণ করেন।</td><td>উপজেলা মৎস্য অফিস কর্তৃক প্রকৃত কার্ডধারীর মৎস্যজীবি/ জেলেদেরে তালিকা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।</td><td>১। উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা।<br><br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, দীঘিনালা।</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা সমাজসেবা দপ্তর ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাঁর দপ্তরের আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম সর্ম্পকে সভায় বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত দীঘিনালা উপজেলায় বয়স্ক, বিধবা,স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ ভাতা ও উপবৃত্তি গ্রহণকারী ভোতাভোগীদের জীবিত থাকা এবং বিধবাদের ক্ষেত্রে দ্বিতীয় বিয়ে বন্ধনে আবদ্ধ এবং ভাতাভোগীদের বিকাশ মোবাইল ব্যাংক হিসাব নম্বরের সঠিকতা যাচাই করার নিমিত্তে ভাতাভোগীদেরকে লাইভ বেরিফিকেশন কাযক্রম গত ১০/০৯/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা ছিল। নির্ধারিত তারিখের মধ্যে সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে তিনি সভায় জানান।<br><br>এছাড়াও তাঁর দপ্তরে অন্যান্য কার্যক্রম সর্ম্পকে নিম্লোক্তভাবে উপস্থাপন করে।<br><br>ক্যাপিটেশন গ্র্যান্ট সংক্রান্ত ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>প্রতিষ্ঠানের নাম</th><th>সুবিধাভোগী সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>পার্বত্য চট্টল বৌদ্ধ অনাথ আশ্রম</td><td>৩২ জন</td><td rowspan="3">প্রণয় অনাথ শিশু সদন এর কার্যকরী কমিটি গঠন এবং অনুমোদন না থাকায় চেক স্থাগিত করে রাখা হয়েছে।</td></tr>
<tr><td>২</td><td>ছোট মেরুং নেছারিয়া এতিম খানা</td><td>১১ জন</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>৪৩ জন</td></tr>
</table>
ক্যান্সার/কিডনী/লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/জন্মগত হৃদরোগীদের অনুদান ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>উপকারভোগীর সংখ্যা</th><th>পরিমান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>০৮ জন</td><td>৫০,০০০×০৮=৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা মাত্র।</td><td>জুন/২৩খ্রিঃ মাসে ৬টি আবেদ জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে</td></tr>
</table></td><td>কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। কার্যক্রম সন্তোষজনক।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের আগস্ট/২০২৩খ্রিঃ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্লোক্তভাবে উপস্থপন করেন।<br>(ক) আত্নকর্মসংস্থান কর্মসূচির আওতায় ঃ প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত ২৫,৩৮,১২৫ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ-৩,২১,৭৫,০০০ টাকা, আদায়যোগ্য ৩,০২,৯৪,১১৫ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ২,৯০,৬৮,৬০৫ টাকা, মোট খেলাপি-১৫,৬২,৬২৯ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৬%, মোট ঋণী সংখ্যা ১৪১২ জন, মোট উপকারভোগীর সংখ্যা ৯৫৫ জন,</td><td>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। বকেয়া টাকা আদায়ের জন্য নির্দেশ প্রদান করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।</td></tr>
</table>

২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণ ১৩,৮০,০০০ টাকা।

(খ) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি ঃ মোট তহবিল- ২০,০০,০০০ টাকা, ঘূর্ণায়মান ঋণ বিতরণ- ১,২৪,৮৬,৮০০ টাকা, মোট আদায়যোগ্য- ১,২৩,৭০,৪০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়- ১,২০,৪০,৬০০ টাকা, খেলাপি ঋণ ১,২০,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায় হার ৯৮%, মোট ঋণী সংখ্যা- ৯০৫ জন, মোট উপকারভোগী সংখ্যা ৪৫৫ জন।

(গ) জোরদার প্রকল্পের আওতায় ঃ মোট তহবিল- ২,০০,০০০ টাকা, মোট বিতরণ- ৪,২০,০০০, মোট আদায়যোগ্য- ৩,২ ৫,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়-৩,২৫,০০০ টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ১০০%।

---

১১ **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ দপ্তর ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাঁর দপ্তরের আগস্ট/২০২৩খ্রি: মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করনে।

| বরাদ্দের খাত | পর্যায় | মোট বরাদ্দ টাকা/ খাদ্যশস্য | প্রকল্প সংখ্যা | ছাড়কৃত অর্থ/ খাদ্যশস্য | কাজের বাস্তাবায়ন অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ | ১ম | ৪৩১৫৬৫৪ .০৮মে:টন | ২৫ট | ২১৫৭৮২৫ মে:টন | ৫০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলাওয়ারী নগদ অর্থ | ১ম | ৭০২৫১৭৬ .৫৯মে:টন | ২৭টি | ৩৫১২৫৮৭ মে:টন | ৫০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (চাল) | ১ম | ৩৩.৮৯৩৩ মে:টন | ৮টি | ১৬.৯৪৬ মে:টন | ৫০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলা পরিষদওয়ারী খাদ্যশস্য (গম) | ১ম | ৩৩.৮৯৩৩ মে:টন | ৬টি | ১৬.৯৪৬ মে:টন | ৫০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক (নগদ অর্থ) | ১ম | ১৪০০০০০ /- | ৬টি | ৭০০০০০/ - | ৫০% |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) জেলা প্রশাসক অনুকুলে (নগদ অর্থ) | ১ম | ১০০০০০/- | ০২টি | ১০০০০০/- | ১০০% |
| গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক (নগদ অর্থ) | ১ম | ১৫,০০,০০ ০/- | ৩টি | ৭৫০০০০/ - | ৫০% |
| গ্রামীন রাস্তায় ১৫মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শীর্ষক প্রকল্প। | ১ম | ১৭৪৭২১৪ ৩.৫০ | ২টি | ৮০০০০০০ | ২০% |

বর্ণিত বরাদ্দে বিপরীতে গৃহীত প্রকল্পসমূহের কাজ গুনগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের আগে প্রকল্পের কাজ বাস্তবায়নসহ প্রকল্পের কাজ তদারকি ও মনিটরিং করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দীঘিনালা।

---

১২ **উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| সমিতি নিবন্ধন | | | বিআরডিবি | | সুবিধাভোগী সমবায়ী সংখ্যা | | | ২০২৩-২৪ অর্থ বছরে অডিটযোগ্য সমিতি | অডিট অগ্রগতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিভাগীয় | চলতি মাসে নিবন্ধন | মোট | কেন্দ্রিয় | প্রাথমিক | পুরুষ | মহিলা | সর্বমোট | | গত মাস পর্যন্ত | চলতি মাসে | মাস শেষে |
| ৭৮ | ০ | ৭৮টি | ১টি | ৮৭টি | ৮৬৭৮ জন | ৬৪৫ জন | ৯৩২৩ জন | ৬৫টি | ০৫টি | ০৯ | ১৪টি |

**সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানঃ**

| নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণ স্থানের নাম | বিগত মাসে | প্রশিক্ষণের সময় কাল | চলতি মাসে | প্রশিক্ষণের সময় কাল | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সেলাই | বাংলাদেশ সমবায় একাডেমি | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | গাভী পালন | ফেনী সমবায় শিক্ষায়তন | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | ভ্রাম্যমান প্রশিক্ষণ | | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৪ | আই,জি,এ প্রশিক্ষণ | | ০ | ০ | ০ | ০ | ০ |

**বিভাগীয় রাজস্ব আদায় ঃ**

| নং | নাম | লক্ষ্যমাত্রা | আদায় | আদায় হার |
|---|---|---|---|---|
| ১ | রাজস্ব | ১৬৮৪০/- | ১৬৮৪০/- | ১০০% |
| ২ | সি.ডি.এফ (সমবায় উন্নয়ন তহবিল) | ২৮৭৬০/- | ২৮৭৬০/- | ১০০% |
| ৩ | বিআরডিবি | ৪২৩/- | ৪২৩/- | ১০০% |
| ৪ | সি.ডি.এফ (সমবায় উন্নয়ন তহবিল) | ৬৩/- | ৬৩/- | ১০০% |

তিনি আরো জানান যে, উপজেলা সমবায় কার্যালয়ে দুইজন কর্মচারী পদায়ন করা হয়েছে। বর্তমানে অফিসে সহায়ক পোস্ট খালী রয়েছে মর্মে তিনি সভায় দৃষ্টি আকর্ষণ করেন।

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।

উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা।

---

১৩ **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি তাঁর দপ্তরের আগস্ট/২০২৩খ্রি: মাসের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন-

(১) ভিডব্লিউবি কার্যক্রম : ২০২৩-২০২৪ অর্থ বছরে (ভিডব্লিউবি) চক্রের ৫টি ইউনিয়নে উপকারভোগীদের মাঝে জুলাই/২০২৩খ্রি: হতে সেপ্টেম্বর/২০২৩খ্রি: পর্যন্ত তিন মাসের পুষ্টি মিশ্রিত চাল ১২৯৬ উপকারভোগী মাঝে বিতরণ করা হয়েছে।

(২) কিশোর কিশোরী ক্লাব: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ৫টি ইউনিয়নে ৫টি ক্লাব রয়েছে। প্রতি ক্লাবে কিশোর ১০ জন এবং ২০ জন কিশোরীকে প্রশিক্ষকের মাধ্যমে

কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা।

সংগীত ও আবৃত্তি বিষয়ে শিখন কার্যক্রম চলমান রয়েছে।

(৩) আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম : আত্নকর্মসংস্থানে জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৫-১৫ হাজার টাকা পর্যন্ত স্বল্পসুদে ১১৭ জন মহিলাদের মাঝে সর্বমোট ৭,৫০,০০০/- টাকা আত্ন-কর্মসংস্থানের জন্য ঋণ বিতরণ করা হয়েছে।

(৪) মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম ঃ মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রমের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১০৮২ জন মহিলা উপকারভোগীকে প্রতি মাসে ৮০০/- টাকা হারে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রতিটি ইউনিয়নে প্রতিমাসে ৬(ছয়) জন করে মাতৃত্বকালীন ভাতার জন্য আবেদন করতে পারবেন এবং এ আবেদন কার্যক্রম জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত অব্যাহত থাকবে মর্মে তিনি সভায় জানান।

---

১৪ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রমের প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| নং | কার্যক্রম | বার্ষিক লক্ষ্যমাত্রা (২০২৩-২০২৪) | অর্জন (২০২৩-২০২৪) | | বার্ষিক অগ্রগতি হার | ক্রমপুঞ্জিত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| | | বছরে | জুন/২৩ মাসে | বছরে | | |
| ১ | ঋণ সহায়তা প্রদান (বিতরণ) | ১৪৮.৭৬ | ১১.০৭ | ২১.৬৫ | ১৪% | ২২৩৩.৫৯ |
| ২ | সদস্য ভর্তি | ৫০০ জন | ২৩ জন | ৫২ জন | ১০% | ৩০৬৯ জন |
| ৩ | ঋণ আদায় | ৫৪.৮০ | ১৯.৯৮ | ৩০.২১ | ৫৫% | ২০৭২.৭২ |
| ৪ | শেয়ার আদায় | ০.৫৫ | ০.১৪ | ০.১৪ | ২৫% | ১৪.৩৬ |
| ৫ | সঞ্চয় আদায় | ৪.২৫ | ০.৬৩ | ১.৩৪ | ৩১% | ৭৩.৮৬ |
| ৬ | সমিতি/দল পরিদর্শন | ১৬০ টি | ১২ টি | ১২ টি | ৭.৫% | ২৪২ টি |
| ৭ | প্রশিক্ষণ প্রদান | ৪০ জন | ০ | ০ জন | ০% | ১১৮০ জন |
| ৮ | সমিতি অডিট | ৮৭ টি | ৭ টি | ১৫ টি | ১৭% | ৮৭ টি |
| ৯ | সমিতি নির্বাচন | ২৫ টি | ০ | ০ | ০% | ০ |
| ১০ | সমিতি/দল গঠন | ০১ টি | ০ | ০ | ০% | ২৫৮ টি |
| ১১ | সদস্য ভর্তি | ১৮ জন | ৪ জন | ৪ জন | ২২% | ৩২০৭ জন |

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল, কার্যক্রম সন্তোষজনক।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা।

---

১৫ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী তাঁর দপ্তরে আগস্ট/২০২৩খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন-

(১) ২০২৩-২০২৪ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় এখনো কোন গভীর এবং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায়নি। ২০২২-২৩ অর্থ বছরে বর্ণিত বরাদ্দে ১৩০টি এর বিপরীতে ১১৮টি কাজ সম্পন্ন হয়েছে এবং বাকীগুলোর কাজ চলমান রয়েছে।

(২) ৫৮ গ্রামে পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৭টি গ্রামে পানি সরবরাহের কাজ এবং ১৪টি পাবলিক টয়লেটের কাজ সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্টদের কাছে হস্তান্তর করা হয়েছে।

(৩) স্কুল পর্যায়ে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয়ের দ্বীতল ওয়াশব্লক নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে এবং একই প্রকল্পের আওতায় নতুন ১০টি ওয়াশব্লক নির্মাণ কাজ শীগ্রই শুরু করা হবে।

(৪) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য মোট ৭১ টি পানির উৎস স্থাপন করা হয়েছে।

(৫) তীব্র পানি সংকট ৯ মাইল এবং মায়াফা পাড়া এলাকার মধ্যে ৯ মাইল এলাকার কাজটি সুন্দরভাবে চলমান হয়েছে এবং মায়াফা এলাকার কাজটি শ্রীগ্রই চালু করা হবে মর্মে জানান। এছাড়াও তাঁর দপ্তরে বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে তিনি সভায় জানান।

কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল। উপজেলায় তীব্র পানি সংকট এলাকায় নতুন নতুন পানির উৎস/জলধার নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, দীঘিনালা।

---

১৬ উপজেলা পরিবেশ ও বন দপ্তর ঃ

(ক) মেরুং রেঞ্জ- (খ) হাজাছড়ি রেঞ্জ- (ক) নাড়াইছড়ি রেঞ্জ ঃ হাজাছড়ি রেঞ্জ কর্মকর্তাগণ সভায় বলেন, সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসের নাড়াইছড়ি ও হাজাছড়া রেঞ্জের রাজস্ব শুল্ক আদায় হয়েছে ৫,১৩,৬৭১/-(পাঁচ লক্ষ তেরো হাজার ছয়শত একাত্তর) টাকা। আদায়কৃত অর্থ সরকারি নির্ধারিত খাতে চালানের মাধ্যমে প্রেরণ করার হয়েছে। এছাড়াও তাঁদের দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে মর্মে সভায় জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, দীঘিনালা উপজেলায় পাহাড়ী অঞ্চলের জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বনায়ন সৃজন করা প্রয়োজন। সরকারি-বেসরকারি উন্নয়ন সংস্থার পাশাপাশি সকলকে এই কার্যক্রমে এগিয়ে আসা উচিত। তাছাড়া উপজেলায় জোত মালিকদের ভোতভূমি হতে গাছ কর্তনের পরবর্তী বিভিন্ন ধরণের বিরল ও বিপন্ন প্রজাতির দেশীয় গাছের চারা রোপনের জন্য তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলায় জলবায়ু বিরুপ প্রভাব মোকাবেলায় নতুন বণায়ন সৃজন ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

১। উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দীঘিনালা।
২। উপজেলা রেঞ্জ কর্মকর্তা (সকল), দীঘিনালা।
৩। ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট সকল।

বিবিধ বিষয়ে আলোচনা :

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সভায় সভাপতি বলেন, সারা দেশে গত বছরের তুলনায় এ বছর ডেঙ্গু প্রকোব অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। তাই সকলকে সচেতন হয়ে ডেঙ্গু এবং ম্যালেরিয়া প্রতিরোধের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে বাড়ি এবং অফিস ভবনের চারপাশে পরিস্কার পরিছন্ন রাখার জন্য তিনি অনুরোধ জানান। | দীঘিনালা উপজেলা ডেঙ্গু এবং ম্যালেরিয়া প্রতিরোধের লক্ষ্যে এলাকার ওয়ার্ড পর্যায়ে সাধারণ মানুষকে সচেতনতার সৃষ্টির লক্ষ্যে ব্যাপক প্রচারের জন্য স্থানীয় জনপ্রতিধিগণকে অগ্রণী ভূমিকা পালন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কমিটি ও সংশ্লিষ্ট সকল, দীঘিনালা। |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কাশেম)
চেয়ারম্যান
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : uzpdighinala@gmail.com

স্মারক নং-৪৬.০২.৪৬৪৩.০০০.০৬.০০২.২৩-৬৬ তারিখ ঃ ০২-১০-২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক (যুগ্নসচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৭। জেলা..........................................................................উপ-পরিচালক/কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯। উপজেলা.........................................................................................কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান (সকল), বোয়ালখালী/মেরুং/কবাখালী/দীঘিনালা/বাবুছড়া ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য, মিজ............................................ মেরুং/কবাখালী ইউপি, দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। জনাব ..................................................................................................দীঘিনালা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

(মুহাম্মদ আরাফাতুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দীঘিনালা
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দীঘিনালা উপজেলা পরিষদ
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল : unodighinala@mopa.gov.bd

উপজেলা পরিষদ সাধারণ সভায় সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসে **উপস্থিত** সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ কাশেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দীঘিনালা,খাগড়াছড়ি। |
| ০২ | জনাব মুহাম্মদ আরাফাতুল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৩ | জনাব মোঃ মোস্তফা কামাল, ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৪ | মিজ সীমা দেওয়ান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৫ | জনাব চন্দ্র রঞ্জন চাকমা, চেয়ারম্যান, ৪নং দীঘিনালা ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৬ | মিজ মাহমুদা বেগম, চেয়ারম্যান, ১নং মেরুং ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৭ | জনাব গগন বিকাশ চাকমা, চেয়ারম্যান, ৫নং বাবুছড়া ইউপি, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৮ | জনাব নলেজ চাকমা, চেয়ারম্যান, ৩নং কবাখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ০৯ | ডাঃ তনয় তালুকদার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১০ | জনাব শাহদাত হোসেন, উপজেলা কৃষি কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১১ | জনাব নিটু দেওয়ান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১২ | ডা. সুমেন চাকমা, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৩ | জনাব ইমরান মাহমুদ, প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৪ | মিজ অবর্ণা চাকমা, উপজেলা মৎস্য কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৫ | জনাব ত্রিরতন চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৬ | জনাব মোঃ আব্দুস সামাদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৭ | মিজ হ্যাপী চাকমা, উপজেলা শিক্ষা অফিসার (ভাঃ) দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৮ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম সরকার, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ১৯ | জনাব আবদুল্লাহ আল মামুন, প্রতিনিধি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২০ | জনাব আপন বড়ুয়া, প্রতিনিধি, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২১ | জনাব মোঃ শামসুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২২ | জনাব মোঃ মতিউর রহমান, রেঞ্জ কর্মকর্তা, নাড়াইছড়ি রেঞ্জ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৩ | জনাব মোঃ তুহিনুল হক, রেঞ্জ কর্মকর্তা, হাজাছড়ি রেঞ্জ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৪ | জনাব মোঃ আঃ কুদ্দুছ মিয়া, প্রতিনিধি, রেঞ্জ কর্মকর্তা, মেরুং রেঞ্জ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৫ | জনাব প্রদিৎ চাকমা, প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৬ | জনাব কৃতেন্দ্রিয় চাকমা, প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| ২৭ | জনাব সুহৃদ চাকমা, উপজেলা ডেভেলফমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিষদ কার্যালয়, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| | |
| | |

উপজেলা পরিষদ সাধারণ সভায় সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসে **অনুপস্থিত** সদস্যগণের নাম পরিচিতি 'ক' (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব চয়ন বিকাশ চাকমা, চেয়ারম্যান, ২নং বোয়ালখালী ইউনিয়ন পরিষদ, দীঘিনালা, খাগড়াছড়ি। |
| | |
| | |
| | |
| | |
| | |